লেন্স এশিয়া

১৩ নভেম্বর, ২০২৫

# রাজধানীতে আ.লীগ সমর্থক সন্দেহে রিকশাচালক ও নারীকে মারধর



সংগৃহীত ছবি

রাজধানীতে বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে দুইটি পৃথক স্থানে আওয়ামী লীগ সমর্থক সন্দেহে এক রিকশাচালক ও এক নারীকে গণপিটুনির ঘটনা ঘটেছে।

প্রথম ঘটনাটি ঘটে গুলিস্তানে, যেখানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সমর্থক মনে করে মোহাম্মদ বাবু নামে এক রিকশাচালককে একদল বিক্ষুব্ধ ব্যক্তি ঘেরাও করে মারধর করে। হামলাকারীরা নিজেদের 'জুলাইযোদ্ধা' পরিচয়ে পরিচিত করে। প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুর দেড়টার দিকে আওয়ামী লীগ কার্যালয়ের পাশে বাবুকে থামিয়ে বেধড়ক পেটানো হয়। পুলিশ উপস্থিত থাকলেও প্রাথমিকভাবে হস্তক্ষেপ করেনি বলে অভিযোগ রয়েছে।

পরে বিক্ষোভকারীরা আহত বাবুকে পাশের একটি মার্কেটে নিয়ে গিয়ে আবারও আক্রমণ চালায়। এক পর্যায়ে তিনি জ্ঞান হারালে পুলিশ তাকে উদ্ধার করে গাড়িতে তোলে, তবে তাতেও হামলাকারীরা থামেনি — গাড়িতেও তাকে মারধর করা হয়। আহত বাবুর বাড়ি বরিশাল জেলার নেহালগঞ্জ এলাকায়।

অন্যদিকে, একইদিন দুপুরে ধানমন্ডি ৩২ নম্বরে 'জয় বাংলা' স্লোগান দেয়ার অভিযোগে এক নারীকে মারধর করা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাড়ির সামনে স্লোগান দেয়ার পর কয়েকজন ব্যক্তি তাকে ঘিরে শারীরিকভাবে আক্রমণ করে।

পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে আহত নারীকে উদ্ধার করে।